দৈনিক ইনকিলাব 50

তারিখ ... 09 MAY 1998
পৃষ্ঠা ১ কলাম ৫

# ছাত্র রাজনীতি বন্ধের চক্রান্তের প্রতিবাদে ১৮ মে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে ছাত্রঐক্যের বিক্ষোভ মিছিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য সন্ত্রাসের দোহাই দিয়ে ছাত্র রাজনীতি বন্ধের চক্রান্তের প্রতিবাদে আগামী ১৮ মে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে বিক্ষোভ মিছিল বের করবে।

১১-এর পৃঃ ২-এর কঃ দেখুন

## ছাত্র ঐক্যের মিছিল

প্রথম পৃষ্ঠার পর

একই দিনে দেশব্যাপী জেলা ও থানা সদরে বিক্ষোভ মিছিল বের করা হবে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুরক্যান্টিনে অনুষ্ঠিত ছাত্রঐক্যের এক সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচী ঘোষণা করা হয়। সম্মেলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসীদের তালিকা প্রকাশ ও গ্রেফতার, হল থেকে বহিরাগত উচ্ছেদ ও অবৈধ অস্ত্র উদ্ধার, ক্যাম্পাসে পার্থসহ সকল হত্যাকাণ্ডের বিচার, ক্যাম্পাসে কাঁটাবন গেট অবিলম্বে খুলে দেয়া এবং গত ২৩ এপ্রিল জসীম উদ্-দীন হলে ছাত্রদের উপর পুলিশী নির্যাতনের প্রতিবাদে আগামী

১২ মে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের কাছে স্মারকলিপি প্রদান করা হবে।

সাংবাদিক সম্মেলনে ছাত্র ঐক্য নেতা জিয়াউল হক জিয়া, নুরুল ইসলাম, মঞ্জুর খোদা প্রমুখ বক্তব্য রাখেন। সম্মেলনে বলা হয়, ছাত্রদল ক্যাম্পাসে ফিরে এলেও বর্তমানে ক্যাম্পাসের অবস্থা সহিংসতা, সংঘর্ষ ও সন্ত্রাসের আশংকামুক্ত নয়। হলগুলো এখনও বহিরাগত ও অস্ত্রমুক্ত নয়। কারো জীবন নিরাপদ নয়। পরিস্থিতি আরো অবনতির দিকে যাবে। ছাত্রলীগ ও ছাত্রদলের বৈরিতা ও আভ্যন্তরীণ কোন্দলে অস্ত্রধারীরা যে কোন সময় সহিংস ঘটনায় জড়াতে পারে। তাই চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার করা প্রয়োজন হলেও সে উদ্যোগ নেয়া হচ্ছে না। লিখিত বক্তব্যে বলা হয়, শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাসী পরিস্থিতি টিকিয়ে রেখে সরকার তার হীনস্বার্থ চরিতার্থ করতে চায়। শেখ হাসিনার ছাত্র রাজনীতি বন্ধের অভিপ্রায় এবং দেখামাত্র সন্ত্রাসীদের গুলী করার প্রস্তাব সরকারের অগণতান্ত্রিক ও ফ্যাসিস্ট মনোভাবের প্রকাশ। ছাত্র ঐক্য এ হীন চক্রান্তের তীব্র নিন্দা জানিয়ে এর বিরুদ্ধে সচেতন জনগণকে প্রতিরোধ গড়ে তোলার আহবান জানান।